

স্মারক নং-পাউবো(সচি) প্রশাসন-৩/৭৮৭

তারিখ: ১৯ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

দপ্তরাদেশ


গত ০১-০৯-২০১৯ খ্রি: তারিখে 'দৈনিক সমকাল' পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী মানিকগঞ্জের হরিরামপুরে ধুলশুরা ইউনিয়নের সৈয়দনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়টি পদ্মা নদীর করাল গ্রাসে বিলীন হয়ে যায়। বিদ্যালয়টি রক্ষার জন্য উপজেলা প্রশাসন, শিক্ষা অধিদপ্তর ও উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ-কে তাগিদ দেয়া হয়েছে। তবে, এ বিষয়ে সংশ্লিষ্ট প্রকৌশলী কর্তৃক সময়মত কার্যকর কোন পদক্ষেপ না নেয়ায় স্কুলটি নদীতে বিলীন হওয়া থেকে রক্ষা করা যায়নি।

অপরদিকে, পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক মহোদয় কিছুদিন পূর্বে মানিকগঞ্জের বন্যা কবলিত বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। উক্ত সরেজমিন সফরের সময় মাননীয় উপমন্ত্রী ও মহাপরিচালক মহোদয় উক্ত বিদ্যালয়টি রক্ষার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণার্থে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছিল।

প্রশাসনিক মন্ত্রণালয় ও বোর্ডের উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা এবং স্থানীয় প্রশাসনের অনুরোধ সত্ত্বেও উক্ত শিক্ষা প্রতিষ্ঠানটি রক্ষার নিমিত্ত আপনা কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহণ না করে কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করা ও কর্তব্য কর্মে/দায়িত্ব পালনে চরম অবহেলার জন্য জনাব মাহবুব মওলা মো: মেহেদী হাসান (পরিচিতি নম্বর ৮২০২০১০০১), নির্বাহী প্রকৌশলী (পুর), মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ-কে বাপাউবো (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা- ২০১৩ এর প্রবিধান ৪৮(ক) ও ৫৫ অনুযায়ী চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। কর্মকর্তা সাময়িক বরখাস্তকালীন সময় উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫৫(৪) অনুযায়ী খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ এর দায়িত্ব পালন করবেন।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে উক্ত আদেশ জারী করা হলো।



(সৈয়দ মাহবুবুল হক)
উপ-সচিব (প্রশাসন)
টেলিফোন ৯৫৬১৯৫৯
পরিচিতি নম্বর ৬৭০৪০৩০০২
bwdbmahbub@gmail.com

স্মারক নং-পাউবো(সচি) প্রশাসন-৩/৭৮৭(০৩)

তারিখ: ১৯ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(সৈয়দ মাহবুবুল হক)
উপ-সচিব (প্রশাসন)

চলমান পাতা- ২


পাতা- ২

স্মারক নং-পাউবো(সচি) প্রশাসন-৩/৭৮৭(২০)

তারিখ: ১৯ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

- ১। প্রধান প্রকৌশলী/ প্রধান /অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব),
- ২। সচিব, বাপাউবো, ঢাকা।
- ৩। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সংশ্লিষ্ট)
- ৪। পরিচালক, শৃংখলা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো চাকুরী প্রবিধানমালা, ২০১৩ অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত)।
- ৫। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, (সংশ্লিষ্ট)
- ৭। সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আই সি টি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য।
- ৮। উপ-পরিচালক, কেন্দ্রীয়/ আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, (সংশ্লিষ্ট)
- ৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/ইস্টার্ন রিজিয়ন/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ১০। জনাব
- ১১। অফিস কপি/মাষ্টার কপি/ব্যক্তিগত নথির কপি।


(মো: আবদুল ছলিম)
সহকারী পরিচালক (প্রশাসন-১)
পরিচিতি নম্বর ৬৭০৭১০০০২
a.salim.bwdb@gmail.com